

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

কৃষি ব্যাংকে সঞ্চয় করুন
গ্রামের টাকা গ্রামেই রাখুন।

প্রকা/হিসাব-১/ পরিপত্র নং-০৯/২০১৫

তারিখ : ০৩-১২-২০১৫

- ০১। মহাব্যবস্থাপক
লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখাসমূহ।
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ৩১ ডিসেম্বর ২০১৫ প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ে হিসাব ও জেনারেল ব্যালিৎ ম্যানুয়েল-২০১০(১ম খন্ড) এর ১৪.০১ হতে ১৪.২২ নং অনুচ্ছেদের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ম্যানুয়েলের উক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত নির্দেশনা ও পরবর্তীতে বিভিন্ন সময়ে জারিকৃত পত্র/পরিপত্রের নির্দেশানুযায়ী অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ৩১ ডিসেম্বর, ২০১৫ এবং উক্ত তারিখে একটি সমাপনীপর্ষ “বৈষয়িক বিবরণী এসিএফ-৩৭” (২০১৫ সনে প্রধান কার্যালয় কর্তৃক মুদ্রিত ও সংশোধিত) তৈরি করতে হবে। কম্পিউটারাইজড শাখাসমূহ কম্পিউটার প্রিন্টের পরিবর্তে ব্যাংকের ছাপানো বৈষয়িক বিবরণী প্রেরণ করবে। বৈষয়িক বিবরণীতে হিসাবের মূল খাতের স্থানে কোন অবস্থাতেই হিসাবের উপখাত লিখা যাবে না। উপখাতসমূহ বৈষয়িক বিবরণীর নির্দিষ্ট স্থানে লিখতে হবে। মূল খাতের স্থিতির সাথে সংশ্লিষ্ট উপখাতের সমষ্টির মিল থাকতে হবে। বৈষয়িক বিবরণী নির্ভুল ও বিধিসম্মত ভাবে প্রস্তুত করা হয়েছে মর্মে একটি প্রত্যয়ন পত্র সংযুক্তি -চ অনুযায়ী বৈষয়িক বিবরণীর সাথে সংযুক্ত করতে হবে।

০৩। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনের সুবিধার্থে নিম্নবর্ণিত দিক-নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করার জন্য সকল শাখা ব্যবস্থাপককে পরামর্শ দেয়া হলো।

৩.০১। ২১-চলতি হিসাবঃ

চলতি হিসাবে কোন সুদ প্রদান করা যাবে না। প্রতিটি হিসাব হতে Account Maintenance Fee বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা আদায় ছাড়াও উক্ত ফি'র উপর ১৫% হারে ভ্যাট (মূসক) আদায় করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- টাকা অথবা ৫০০/- টাকার কম হলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। এ ক্ষেত্রে নিম্নরূপ স্থানান্তর ভাউচার হবে।

ডেবিট	ক্রেডিট
২১-চলতি হিসাব	৪৬/১৬ Account Maintenance Fee
	৪১/১০(ক) ভ্যাট (মূসক)

সম্বন্ধ নং- হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-০৬/২০১০ তারিখঃ ১০-০১-২০১০

৩.০২। ২২- সঞ্চয়ী হিসাবঃ

ক) ১ জুলাই, ২০১৫ হতে ৩১ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রতি মাসের ন্যূনতম স্থিতির উপর ভিত্তি করে সঞ্চয়ী আমানত হিসাবে যে কোন অংকের স্থিতির উপর নিম্নবর্ণিত হারে সুদ প্রদান করতে হবে। তবে সর্বনিম্ন সুদের পরিমাণ হবে ১০/- টাকা (হিসাব ম্যানুয়েল-২০১০ এর অনুচ্ছেদ নং-১৯.০৬(গ) মোতাবেক)। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে যথার্থিতি উৎসে আয়কর আদায় করতে হবে।

সূত্রঃ অপারেশন পরিপত্র নং-৪৫/৯৭ তারিখঃ ১৪-০৭-৯৭

সঞ্চয়ী আমানত হিসাবের সুদের হার নিম্নরূপঃ

সময়কাল	শহর/গ্রাম	সুদের হার
০১-১০-২০০৮ হতে ০১-১০-২০১৪ পর্যন্ত	শহর	৫.০০%
	গ্রাম	৭.০০%
০২-১০-২০১৪ হতে সঞ্চয়ী আমানতের সুদের হার পুনঃনির্ধারণ	শহর	৫.০০%
	গ্রাম	৬.০০%

সম্বন্ধ নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১২/২০০৮ তারিখঃ ৩০-১০-২০০৮

সম্বন্ধ নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৫/২০১১ তারিখঃ ১২-০৫-২০১১

সম্বন্ধ নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১১/২০১৪ তারিখঃ ০২-১০-২০১৪

খ) নিম্নোক্তভাবে Account Maintenance Fee আদায়/কর্তন করতে হবেঃ

- সঞ্চয়ী হিসাবে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Account Maintenance Fee আদায় করা যাবে না।
- ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Account Maintenance Fee প্রতি ষান্নাসিক ১০০/- (একশত) টাকা আদায় ছাড়াও উক্ত ফি'র উপর ১৫% হারে ভ্যাট (মূসক) আদায় করতে হবে।
- ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার উর্ধ্বে স্থিতির ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা Account Maintenance Fee প্রতি ষান্নাসিক আদায় ছাড়াও উক্ত ফি'র উপর ১৫% হারে ভ্যাট (মূসক) আদায় করতে হবে।

গ) কৃষি উপকরণ সহায়তা কার্ডধারী কৃষকের বিশেষ ভর্তুকী আমানত হিসাব, পল্লী প্রগতি প্রকল্প, ঘরে ফেরাসহ অন্যান্য দারিদ্র বিমোচন কর্মসূচীর সুফলভোগীদের সঞ্চয়ী হিসাবসমূহ হতে বর্ণিত Account Maintenance Fee কর্তন করা যাবে না।

সম্বন্ধ নং-হিসাব(সওপ)পরিপত্র নং-০৯/২০১০ তারিখ ১৮-০২-২০১০

সম্বন্ধ নং- প্রকল্প পরিকল্পনা বিভাগের সার্কুলার লেটার নং-০২, তারিখ ১০-০৫-২০১০

সম্বন্ধ নং- হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-০৬/২০১০ তারিখঃ ১০-০১-২০১০

সম্বন্ধ নং- প্রকা/হিসাব-১/১(৫৫)/২০০৯-২০১০/২৫৭০(১২৫০) তারিখঃ ২৩-০৫-২০১০

সম্বন্ধ নং- প্রকা/শানিব্যুটি-১(৫১)অংশ-২/২০০৯-২০১০/২০৬৫(২০০) তারিখঃ ০৮-০৬-২০১০

সম্বন্ধ নং- প্রকা/শানিব্যুটি-১(৪)অংশ-১/২০১০-২০১১/১৪২২(১২০০) তারিখঃ ০৯-০৪-২০১১

ঘ) উপরোক্ত ক ও খ এর ক্ষেত্রে নিম্নরূপ স্থানান্তর ভাউচার হবে।

ডেবিট	ক্রেডিট
১৩৩/৩৭ আমানতের সুদ ব্যয়	২২ সঞ্চয়ী হিসাব
২২ সঞ্চয়ী হিসাব	৪১/১৬ উৎসে আয়কর
	৪৬/১৬ Account Maintenance Fee
	৪১/১০(ক) ভ্যাট (মস্কক)

সম্ম নং- হিসাব মহাবিভাগ/পরিপত্র নং-০৬/২০১০ তারিখঃ ১০-০১-২০১০

ঙ) ব্যাংক কোম্পানী আইন-১৯৯১ এর ৩৫ ধারা অনুযায়ী ১০ বৎসর ও তদুর্ধ্ব সময় যাবৎ লেনদেন বিহীন অদাবীকৃত সকল আমানত হিসাবের অর্থ প্রয়োজনীয় নিয়ম পরিপালন করে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ তালিকাসহ ক্রেডিট গ্র্যাডুভাইসের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো এবং ব্যাংক কোম্পানী আইন-১৯৯১ এর ৩৫ ধারা অনুযায়ী ১০ বৎসর ও তদুর্ধ্ব সময় যাবৎ লেনদেনবিহীন অদাবীকৃত সকল আমানত হিসাব হতে বর্ণিত Account Maintenance Fee কর্তন করা যাবে না।

সম্ম নং-প্রকা/হিসাব-১/১(৫৫)/২০০৮-০৯/৫৯৯(১২৫০) তারিখ ১৫-১০-২০০৮

৩.০৩। ২৩০- স্টুডেন্ট সেভিংস একাউন্ট :

এ হিসাবে জমাকৃত টাকার উপর ব্যাংকের নির্ধারিত সঞ্চয়ী আমানতের জন্য প্রযোজ্য সুদ হার অপেক্ষা ১% বেশি হারে সুদ প্রদান করা হবে। একরূপ হিসাবসমূহ হতে সরকারি ফি (উৎসে কর, আবগারী) ব্যতীত অন্য কোন প্রকার সার্ভিস চার্জ/ফি কর্তন করা যাবে না।

সম্ম নং- ডিএমডি-১(শানিব্যাউবি) পরিপত্র নং-০৯/২০১৩ তারিখঃ ১১-১১-২০১৩।

৩.০৪ ২৩-স্থায়ী আমানত হিসাবঃ

অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীকালে ০১-০৭-২০১৫ তারিখের পর নতুনভাবে ইস্যুকৃত স্থায়ী আমানতের ক্ষেত্রে কেবলমাত্র পূর্ণতাপ্রাপ্ত স্থায়ী আমানত হিসাবে দৈনিক প্রডাক্ট এর ভিত্তিতে নির্দিষ্ট হারে সুদ ধার্য্য করতে হবে। কিন্তু মেয়াদ পূর্ণ হয় নাই এমন হিসাবের ক্ষেত্রে নির্দিষ্ট হারে সুদ প্রভিশন করতে হবে এবং উহা ১৩৩/৩৭-ব্যয় হিসাব ডেবিট এবং “৪১/৪ মেয়াদী আমানতের উপর প্রদেয় সুদ” হিসাব খাত ক্রেডিট করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে অবশ্যই তা যথারীতি রিভার্স করতে হবে।

স্থায়ী আমানতের সুদের হার নিম্নরূপ :

ক্রঃ নং	স্থায়ী আমানতের মেয়াদকাল	কার্যকরীর সময়কাল ও সুদের হার				
		০১-০৭-১৪ হতে ৩১-১০-১৪ পর্যন্ত	০১-১১-১৪ হতে ২৮-০২-১৫	০১-০৩-১৫ হতে ৩০-০৬-১৫	০১-০৭-১৫ হতে ০৭-১০-১৫	০৮-১০- ১৫ হতে অদ্যাবধি
১	৩ মাস ও তদুর্ধ্ব কিন্তু ৬ মাসের কম	৮.৫০%	৮.০০%	৮.০০%	৭.৫০%	৭.০০%
২	৬ মাস ও তদুর্ধ্ব কিন্তু ১ বছরের কম	৯.০০%	৮.৫০%	৮.২৫%	৭.৭৫%	৭.২৫%
৩	১ বছর ও তদুর্ধ্ব সর্বোচ্চ ৩ বছর	৯.৫০%	৯.০০%	-	৮.০০%	৭.৫০%
৪	১ বছর ও তদুর্ধ্ব কিন্তু ৩ বছরের কম	-	-	৮.৫০%	-	-

সার্কুলনার লেটার নং-প্রকা/স্বঃঅ-১/৩(০৮)/২০১৪-২০১৫/০১(১২৫০) তারিখঃ ০১-০৭-২০১৪

সম্ম নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১২/২০১৪ তারিখঃ ২৮-১০-২০১৪

সম্ম নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৬/২০১৫ তারিখঃ ২৪-০২-২০১৫

সম্ম নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৮/২০১৫ তারিখঃ ২২-০৬-২০১৫

সম্ম নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৩/২০১৫ তারিখঃ ০৪-১০-২০১৫

৩.০৫। ২১৩-স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি)ঃ

হিসাব বন্ধ করার সময় এবং অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীতে দৈনিক প্রডাক্ট এর উপর সুদ প্রদেয় হবে। তবে কোন অবস্থাতেই চক্রবৃদ্ধি আকারে সুদ দেয়া যাবে না। এসএনডি হিসাব পরিচালনা ও উহার উপর সুদ ধার্যকরণের ক্ষেত্রে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ১৫/২০১০ তারিখঃ ১১-০৮-২০১০ইং এ বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে। প্রতিটি হিসাব হতে Account Maintenance Fee বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা প্রতি ষান্নাসিকে আদায় ছাড়াও উক্ত ফি'র উপর ১৫% ভ্যাট (মস্কক) কর্তন করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- (পাঁচশত) টাকা অথবা ৫০০/- টাকার কম হলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। এসএনডি হিসাবের সুদের হার নিম্নরূপঃ

স্থিত পারমাণ	সুদের হার
অনুর্ধ্ব ১০০.০০ কোটি টাকা	৪.০০%
১০০.০০ কোটি টাকা ও তদুর্ধ্ব	৫.০০%

সম্ম নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১০ তারিখঃ ১১-০৮-২০১০

সম্ম নং-প্রকা/হিসাব-১/১(৫৫)/২০০৯-২০১০/২৬৫২(১২৫০) তারিখ ০৭-০৬-২০১০

সম্ম নং- পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৫/২০১১ তারিখঃ ১২-০৫-২০১১

৩.০৬। উৎসে আয়কর কর্তনঃ

ক) আমানতঃ

অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 53F ধারায় আনীত সংশোধনীর প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে নির্দেশনা প্রদান করছে যে, সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের প্রত্যেক গ্রাহকের হিসাবে যেদিন সুদ/মুনাফা ক্রেডিট অথবা জমা প্রদান করবেন, উক্ত তারিখে গ্রাহকের ১২ ডিজিটের টিআইএন/ই-টিন থাকলে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সুদ/মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে; এবং ঐ তারিখে ১২ডিজিটের টিআইএন/ই-টিন না থাকলে সুদ/মুনাফার উপর ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে।

সম্ম নং-প্রকা/হিসাব-১/১(৫৪)/উৎসে কর ও ভ্যাট/২০১৪-২০১৫/৭৮৫(১২৫০) তারিখ ০৫-১১-২০১৪

খ) সঞ্চয় পত্রের সুদ/মুনাফা প্রদানের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনঃ

১। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ডি ধারা অনুসারে সঞ্চয়পত্রের সুদ/মুনাফা প্রদানকালে ১০% হারে উৎসে আয়কর কর্তনের বিধান আছে। তবে এ ধারা প্রথম Proviso অনুসারে ১,৫০,০০০/- টাকা পর্যন্ত সুদ/মুনাফা প্রদানকালে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য ছিল না। এ উৎসে আয়কর কর্তনের অব্যাহতি সীমা সংক্রান্ত বিধান জাতীয় সংসদ কর্তৃক অনুমোদিত অর্থ বিল ২০১০ এ প্রত্যাহার করা হয়েছে। অর্থাৎ বর্তমান বিধান অনুযায়ী যে কোন অংকের সুদ/মুনাফা প্রদানের বেলায় ১০% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। এ বিধান ০১-০৭-২০১০ বা তৎপরবর্তীতে সুদ/মুনাফা প্রদানের বেলায় কার্যকর হবে। উল্লেখ্য, ১ জুলাই, ২০১১ তারিখের পূর্বে ক্রয়কৃত পেনশনার সঞ্চয়পত্র, পরিবার সঞ্চয়পত্র ও ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড উৎসে আয়কর কর্তনের আওতা বহির্ভূত থাকবে।

২। ১ জুলাই, ২০১১ তারিখ হতে নিম্নবর্ণিত সঞ্চয় স্কীমসমূহের মুনাফার উপর ৫% হারে উৎসে কর কর্তন করতে হবে। সঞ্চয় স্কীমসমূহ হচ্ছে :

- পরিবার সঞ্চয়পত্র
- ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র
- ৩(তিন) মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র।
- পেনশনার সঞ্চয়পত্র
- ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড

৩। তাছাড়া পেনশনার সঞ্চয়পত্র এবং ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড এর সুদের উপর উৎসে কর সংক্রান্ত ধারা-৫২ডি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সংশোধন করা হয়েছে বিধায় অত্র বিভাগের সঞ্চয় নং-প্রকা/হিসাব-১/১(৫৪)/উৎসে কর ও ভ্যাট/২০১৪-২০১৫/৮০০(১২৫০) তারিখ ০৬-১১-২০১৪ এর মাধ্যমে জারিকৃত নির্দেশনা পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো (যা বিকেবি'র ওয়েব সাইটে দেয়া আছে) এবং ইতোমধ্যে বিভিন্ন সঞ্চয় পত্র বিক্রয়ের বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নিয়মনীতি পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

উৎসে আয়কর কর্তনকৃত টাকার ক্রেডিট এ্যাডভাইস অনুচ্ছেদ নং-৩.০৭ এর নিয়ম ও ছক অনুযায়ী কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর মুখ্য কর্মকর্তা, জনাব মোঃ শহিদুল ইসলাম খান এর নামে আলাদা খামে প্রেরণ করতে হবে। কর্পোরেট শাখাসমূহ উৎসে আয়করের এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করবে।

- সঞ্চয় নং- প্রকা/শানিবি-৩(১০)/১০-১১/৫৩৬(১২০০) তারিখ ০৪-১১-২০১০
- সঞ্চয় নং- প্রকা/শানিবি-৩(১০)/১১-১২/২২২(১২০০) তারিখ ১১-০৮-২০১১
- সঞ্চয় নং- প্রকা/হিসাব-১/আয়কর(বিবিধ)৯(১২)/২০১২-১৩/১৭৩ তারিখ ২৬-০৭-২০১২

৩.০৭। উৎসে আয়কর, ভ্যাট ও ট্যাক্স কর্তনঃ

সকল শাখা/কার্যালয় কর্তৃক প্রদানকৃত সকল প্রকার সেবা/বিল হতে নিয়ম মোতাবেক যথারীতি প্রযোজ্য হারে উৎসে আয়কর, ভ্যাট ও ট্যাক্স কর্তন করতে হবে। কর্তনকৃত উৎসে আয়কর, ভ্যাট ও ট্যাক্স যথারীতি সরকারি কোষাগারে জমা করতে হবে। এছাড়া ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয়কে কম্পিউটারাইজেশনের আওতায় অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন কাজে বিল প্রদান করা হয়ে থাকে, এসব বিল হতে নিয়মানুযায়ী উৎসে আয়কর, ভ্যাট ও ট্যাক্স কর্তন করতে হবে। তাছাড়া অত্র বিভাগের পত্র নং-প্রকা/হিসাব-১/পরিপত্র-০৭/২০১৪ তারিখঃ ১৩-১১-২০১৪ এর মাধ্যমে জারিকৃত তালিকা অনুযায়ী উৎসে আয়কর, ভ্যাট ও ট্যাক্স কর্তন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো (যা বিকেবি'র ওয়েব সাইটে দেয়া আছে)। উক্ত পরিপত্রের অনুচ্ছেদ নং-০৯ এর নিয়মানুযায়ী নিম্নোক্ত ছক মোতাবেক অত্র বিভাগের মুখ্য কর্মকর্তা, জনাব মোঃ শহিদুল ইসলাম খান এর নামে ১৪-০১-২০১৬ তারিখের মধ্যে জেলার প্রধান শাখা হতে ইস্যুকৃত একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইস ও একটিমাত্র বিবরণী আলাদা খামে প্রেরণ করতে হবে।

ছক

বাংলাদেশ কৃষি ব্যাংক

..... শাখা
..... অঞ্চল

বিষয় : তারিখভিত্তি উৎসে কর, ভ্যাট ও ট্যাক্সের বিবরণী।

ক্রঃ নং	শাখার নাম	শাখার কোড নং	নিরাপত্তা প্রহরীদের বেতনের ভ্যাট ও ট্যাক্স	টিটি/ডিডি/এমটি/পিও সহ অন্যান্য কমিশন হতে আদায়কৃত ভ্যাট	আমানতের সুদের উপর ১০%/১৫% হারে কর্তনকৃত উৎসে কর	মোট প্রকৃত টাকায় ৭=(৪+৫+৬)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১							
সর্বমোট =							

সংযুক্তিঃ

অনুমোদিত স্বাক্ষর ও সীল

অনুমোদিত স্বাক্ষর ও সীল

সঞ্চয় নং- প্রকা/হিসাব-১/১(৫৪)/২০০৭-০৮/৩৩৩৯(১১৫০) তারিখ ২৭-০৫-২০০৮

সঞ্চয় নং- প্রকা/হিসাব-১/১(৫৪)/২০১২-১৩/১৮৪৪(১২০০) তারিখঃ ১১-০৪-২০১৩

৩.০৮। বিকেবি সাধারণ হিসাব (১১২, ১১৩, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১১১০, ১১১১, ১১১২, ১১১৩, ১১১৪, ১১১৫ ও ১১১৬)ঃ

শাখা থেকে প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে এবং প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে ০১-০৭-২০১৫ থেকে নিম্নোক্ত হারে সুদ বিকেবি, সাধারণ হিসাবে ধার্য করতে হবে প্রধান কার্যালয়কে প্রদত্ত ধারের উপর প্রযোজ্য হারে সুদ কমে ৪৬/১০ আয় উপ-খাতে ক্রেডিট এবং সংশ্লিষ্ট আদায়যোগ্য উপ-খাত ১৩১/১১ ডেবিট করতে হবে। অনুরূপভাবে প্রধান কার্যালয় হতে গৃহীত ধারের উপর প্রযোজ্য হারে সুদ কমে উহা প্রদেয় হিসাব খাত ৪১/১০ ক্রেডিট এবং সংশ্লিষ্ট ব্যয় হিসাব খাত ১৩৩/৪২ ডেবিট করতে হবে। তবে হিসাব সমাপনীর পরবর্তী তারিখে তা যথারীতি রিভার্স করতে হবে।

বিকেবি সাধারণ হিসাবের সুদের হার নিম্নরূপঃ

বিবরণ	০১-০৭-২০১৫ হতে	সম্মনংঃ ডিএমডি-২(হিসাব-১) পরিপত্র নং-...../২০১৫ তারিখঃ-২০১৫।
প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে	৮.০০%	
প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে	৮.৫০%	

৩.০৯। আবগারী শুল্ক সংক্রান্ত নির্দেশাবলীঃ

(ক) গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, প্রজ্ঞাপন এসআরও (SRO) নং -২৫৬-আইন/২০১০/৩০৫-আবগারী, তারিখ ৩০-০৬-২০১০ রহিত করে নতুন এসআরও (SRO) নং -১২৯-আইন/২০১৫/৩১৪-আবগারী, তারিখ ০৪-০৬-২০১৫ এবং অত্র বিভাগের ২৬-০১-২০১৪ তারিখের পত্র নং-১২১২(১২৫০) ও ১৬-০৬-২০১৫ তারিখের পত্র নং-২৬৫৪(১২৫০)এর নির্দেশনা অনুযায়ী অত্র ব্যাংকের সাথে পরিচালিত ব্যাংক হিসাবে (আমানত ও সিসি/এস, ওডি ঋণ) পঞ্জিকা বছরের যে কোন সময়ে স্থিতির (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স) উপর নিম্নোক্ত হারে আবগারী শুল্ক কর্তন করতে হবেঃ

ক্রঃনং	প্রতি একাউন্টে স্থিতির পরিমাণ	কর্তনযোগ্য আবগারী শুল্ক (০৩-০৬-১৫ পর্যন্ত)	কর্তনযোগ্য আবগারী শুল্ক (০৪-০৬-১৫ হতে)
০১।	২০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	শূন্য	শূন্য
০২।	২০,০০১/- টাকা থেকে ১,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১২০/-	১৫০/-
০৩।	১,০০,০০১/- টাকা থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	৩৫০/-	৫০০/-
০৪।	১০,০০,০০১/- টাকা থেকে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১,০০০/-	১,৫০০/-
০৫।	১,০০,০০,০০১/- টাকা থেকে ৫,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	৫,০০০/-	৭,৫০০/-
০৬।	৫,০০,০০,০০১/- টাকা থেকে তদুর্ধ্ব (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১০,০০০/-	১৫,০০০/-

সংশ্লিষ্ট হিসাব হতে উপরোক্ত হারে শাখা কর্তৃক কর্তনকৃত আবগারী শুল্কের ক্রেডিট এ্যাডভাইস অঞ্চলাধীন জেলা শাখার উপর ইস্যু করে নিম্নোক্ত ছক- ১ ও ২ মোতাবেক বিবরণীসহ (আমানত ও ঋণের আবগারী শুল্ক পৃথকভাবে উল্লেখ করে) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে প্রেরণ করবে। জেলার প্রধান শাখা তার শাখাসহ অঞ্চলাধীন সকল শাখাসহ— হতে প্রাপ্ত ক্রেডিট এ্যাডভাইস সাড়া প্রদান করতঃ শাখা ওয়ারী কোড নং সহ তালিকা করে সংকলিত একটিমাত্র বিবরণী অঞ্চলের সর্বমোট টাকার একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ের উপর (কেন্দ্রীয় হিসাব-১) ইস্যু করে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অত্র বিভাগের মুখ্য কর্মকর্তা, জনাব মোঃ শহিদুল ইসলাম খান এর নামে ১৪-০১-২০১৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয় এবং কর্পোরেট শাখা সমূহ উক্ত বিবরণী নির্ধারিত ছকে ক্রেডিট এ্যাডভাইসসহ সরাসরি অত্র বিভাগের মুখ্য কর্মকর্তা, জনাব মোঃ শহিদুল ইসলাম খান এর নামে প্রেরণ করতে হবে।

সম্মনং- প্রকা/হিসাব-১/১১(৫)/২০০৯-১০/৩৪৮(১২৫০) তারিখঃ ০৭-০৯-২০০৯

সম্মনং- প্রকা/হিসাব-১/পরিপত্র নং-০৭/২০১৪/ তারিখঃ ১৩-১১-২০১৪

বিঃদ্রঃ কৃষকের বিশেষ ভর্তুকী আমানত হিসাবসমূহে ১.০০ লক্ষ টাকা পর্যন্ত স্থিতির ক্ষেত্রে আবগারী শুল্ক কর্তন অব্যাহতি প্রদান করা হয়েছে (সম্মনং- প্রকা/শানিবিডিবি-১(৪)/২০১০-১১/৮৭১(১২০০) তারিখঃ ০৬-০১-২০১১)।

ছক

বাংলাদেশ কৃষি ব্যাংক

..... শাখা

..... অঞ্চল

বিষয় : পঞ্জিকা বর্ষের ডেবিট/ক্রেডিট একাউন্টসমূহের বিপরীতে প্রযোজ্য হারে কর্তনকৃত আবগারী শুল্ক সম্পর্কিত বিবরণী।

ছক-১

ক্রঃ নং	ক্রেডিট একাউন্টের সীমা (ক্রেডিট একাউন্ট অর্থ ডিপোজিট একাউন্ট, যেমনঃ সেভিংস একাউন্ট, কারেন্ট একাউন্ট, ফিস্ফ্রড ডিপোজিট একাউন্ট, স্ট নোটিশ ডিপোজিট (এসএনডি) একাউন্ট, মাসিক সঞ্চয়ী হিসাব, ও অন্যান্য স্কিম ইত্যাদি)	কর্তনযোগ্য আবগারী শুল্ক (০৩-০৬- ২০১৫ পর্যন্ত)	একাউন্ট সংখ্যা	কর্তনযোগ্য আবগারী শুল্ক (০৪-০৬-২০১৫ হতে	একাউন্ট সংখ্যা	কর্তনকৃত সর্বমোট আবগারী শুল্কের পরিমাণ {(৩ x ৪) + (৫ x ৬)=৭}
১	২	৩	৪	৫	৬	৭
১	২০,০০১/- টাকা থেকে ১,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১২০/-		১৫০/-		
২	১,০০,০০১/- টাকা থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	৩৫০/-		৫০০/-		
৩	১০,০০,০০১/- টাকা থেকে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১,০০০/-		১,৫০০/-		
৪	১,০০,০০,০০১/- টাকা থেকে ৫,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	৫,০০০/-		৭,৫০০/-		
৫	৫,০০,০০,০০১/- টাকা থেকে তদুর্ধ্ব (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১০,০০০/-		১৫,০০০/-		
মোট =						

দ্বিতীয় কর্মকর্তা/অনুমোদিত কর্মকর্তা

ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

ছক-২

ক্রঃ নং	ডেবিট একাউন্টের সীমা(ডেবিট একাউন্ট অর্থ ক্যাশ ক্রেডিট(সিসি) একাউন্ট, সিকিউরিটি ও ওভার ড্রাফট একাউন্ট (এস, ওডি) সহ অন্যান্য একাউন্ট)	কর্তনযোগ্য আবগারী শুল্ক (০৩-০৬-২০১৫ পর্যন্ত)	একাউন্ট সংখ্যা	কর্তনযোগ্য আবগারী শুল্ক (০৪-০৬-২০১৫ হতে)	একাউন্ট সংখ্যা	কর্তনকৃত সর্বমোট আবগারী শুল্কের পরিমাণ $\{(৩ \times ৪) + (৫ \times ৬)=৭\}$
১	২	৩	৪	৫	৬	৭
১	২০,০০১/- টাকা থেকে ১,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১২০/-		১৫০/-		
২	১,০০,০০১/- টাকা থেকে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	৩৫০/-		৫০০/-		
৩	১০,০০,০০১/- টাকা থেকে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১,০০০/-		১৫০০/-		
৪	১,০০,০০,০০১/- টাকা থেকে ৫,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	৫,০০০/-		৭৫০০/-		
৫	৫,০০,০০,০০১/- টাকা থেকে তদুর্ধ্ব (ক্রেডিট অথবা ডেবিট ব্যালেন্স)	১০,০০০/-		১৫০০০/-		
মোট =						

দ্বিতীয় কর্মকর্তা/অনুমোদিত কর্মকর্তা

ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

৩.১০। **Computerised** শাখাসমূহের করণীয়:

(i) **অন লাইন Computerised** শাখাসমূহের করণীয় বিষয়সমূহ:

- শূন্য Balance সম্বলিত সকল প্রকার আমানত ও ঋণ হিসাবসমূহ Close Mark করতে হবে (স্টাফ/সরকারী হিসাবসমূহ ব্যতীত)। তাছাড়া TIN ধারী হিসাব পরিচালনাকারীদের সংশ্লিষ্ট হিসাবসমূহে TIN সংযোজন নিশ্চিত করতে হবে।
- সকল কর্মকর্তা/কর্মচারীদের সঞ্চয়ী হিসাবসমূহের CRM এ Staff Marking নিশ্চিত করতে হবে যাতে maintenance fee কর্তন করা না হয়।
- সকল ঋণ হিসাবের Classification status সঠিক করার লক্ষ্যে Loan Sanction date ,expiry date, installment no এবং installment amount fixup করতে হবে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক সকল আমানতের উপর প্রদত্ত সুদের বিপরীতে Source Tax কর্তনের পর সাবসিডিয়ারী (৪১/১৬) লেজার পরীক্ষা করে প্রয়োজনীয় ভাউচার প্রস্তুত করে Manually Posting দিয়ে Advice Issue করতে হবে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আমানতের হিসাব (২১, ২২, ২১৩) হতে কর্তনকৃত Accounts maintenance fee এর বিপরীতে Vat কর্তনের পর সাবসিডিয়ারী (৪১/১০এ) লেজার পরীক্ষা করে প্রয়োজনীয় ভাউচার প্রস্তুত করে Manually Posting দিয়ে Advice Issue করতে হবে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক সকল আমানত/সিসি হিসাবসমূহ হতে আবগারী শুল্ক কর্তনের পর শাখা সাবসিডিয়ারী (৪১/১৯) লেজার পরীক্ষা করে প্রয়োজনীয় ভাউচার প্রস্তুত করে Manually Posting দিয়ে Advice Issue করতে হবে।
- Closing এর যাবতীয় System generated Automated voucher সমূহ সংশ্লিষ্ট শাখা Print করবে এবং সে অনুযায়ী ব্যাংকের ফরমেটে voucher প্রস্তুতকরে শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তার স্বাক্ষরসহ সংরক্ষণ করতে হবে।

(ii) **অফ লাইন Computerised** শাখাসমূহের করণীয় বিষয়সমূহ:

- শূন্য Balance সম্বলিত সকল প্রকার আমানত ও ঋণ হিসাবসমূহ Close Mark করতে হবে (স্টাফ/সরকারী হিসাবসমূহ ব্যতীত)। তাছাড়া TIN ধারী হিসাব পরিচালনাকারীদের সংশ্লিষ্ট হিসাবসমূহে TIN সংযোজন নিশ্চিত করতে হবে।
- সকল কর্মকর্তা/কর্মচারীদের সঞ্চয়ী হিসাবসমূহের CRM এ Staff Marking নিশ্চিত করতে হবে যাতে maintenance fee কর্তন করা না হয়।
- সকল ঋণ হিসাবের Classification status সঠিক করার লক্ষ্যে Loan Sanction date ,expiry date, installment no এবং installment amount বসাতে হবে।
- সকল Module এর interest update করার পূর্বে sample basis ৪/৫টি হিসাবের interest manually calculation করে তা Computer calculated interest sheet এর সাথে মিলিয়ে সঠিকতা যাচাই পূর্বক interest update করতে হবে।
- Closing এর যাবতীয় কার্যাবলী সম্পাদনের পূর্বে সকল Data এর Backup DVD/CD তে write করে রাখতে হবে যাতে Closing এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোন রকম ভুল পরিলক্ষিত হলে পূর্বের data restore করে সঠিক ভাবে Closing করা যায়।

৩.১১। ব্যয় হিসাবঃ

জুলাই, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত সকল ব্যয় সঠিক উপ-খাতে অন্তর্ভুক্ত করতে হবে এবং মুখ্য খতিয়ান বইয়ের ১৩৩ ব্যয় হিসাব খাতের স্থিতির সাথে সকল ব্যয়ের উপ-খাতের সমষ্টি অবশ্যই মিলতে হবে। ডিসেম্বর/২০১৫ পর্যন্ত খরচ হয়েছে কিন্তু পরিশোধিত হয়নি এমন ব্যয়ও হিসাবে আনতে হবে। বিকেবি, ট্রেনিং ইনস্টিটিউটসহ সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের সকল খরচ প্রধান কার্যালয় বহন করবে বিধায় বিকেবি ট্রেনিং ইনস্টিটিউটসহ সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এর খরচ বাবদ একটি মাত্র ডেবিট এ্যাডভাইস সঠিকভাবে পরীক্ষা করতঃ এ্যাডভাইসের সাথে বিস্তারিত খাতওয়ারী খরচের তালিকা (ছক-ছ) খরচের উপ-খাতের ক্রমিক নং-(১৩৩/২, ১৩৩/৩,) অনুসারে প্রস্তুত করে উহার মূল কপি এবং এ্যাডভাইস সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ পৌঁছাতে হবে। কোন অবস্থাতেই শাখাসমূহ এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করবে না। কর্পোরেট শাখাসমূহ প্রযোজ্য ক্ষেত্রে (বেতন প্রদানকারী শাখা হলে) এ্যাডভাইসসহ প্রতিবেদন সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করবেন।
সঙ্খঃ নং-প্রকা/হিসাব-১/৬(৪)/২০১২-১৩/৭৭৪ তারিখঃ ১৩-১১-২০১২।

বিঃদ্রঃ টিটি/ডিডি/এমটি ইস্যু এবং চেক সংগ্রহের ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে আদায়কৃত ডাক, টেলিফোন ও টেলিগ্রাম চার্জ “১৩৩/২২, ১৩৩/২৩” ব্যয় খাতের পরিবর্তে ৪৬/১৩ (বিবিধ আয়) খাতে ক্রেডিট করতে হবে। এছাড়া ব্যাংকের অন্যান্য সকল ধরনের লেনদেন বৈষয়িক বিবরণীতে বর্ণিত (এসিএফ-৩৭ সংশোধিত) সংশ্লিষ্ট খাত/উপখাত অনুযায়ী যথাযথভাবে হিসাবভুক্ত করতে হবে। সঙ্খ নং- প্রকা/হিসাব-১/১(২৪)/০৮-০৯/১৬০৮ তারিখঃ ২১-০৫-০৯।

৩.১২। ঋণ ও অগ্রিমের সুদঃ

মুখ্য খতিয়ানের দৈনিক স্থিতির প্রডাক্টের উপর নির্দিষ্ট হারে সকল প্রকারের ঋণ ও অগ্রিমের সুদ কমে (সুদারোপযোগ্য ঋণ হিসাবে) উহা আয় হিসাব/ঋণের উপর সুদ(৪৬/১) খাতে ক্রেডিট করে প্রাপ্য হিসাব/বিবিধ উপখাতে(১৩১/১১) ডেবিট করতে হবে। কিন্তু নগদ ব্যবসায়ী ঋণ ও অন্যান্য বিশেষ ধরনের ঋণের সুদ প্রচলিত নির্দেশ মোতাবেক কষতে হবে। তবে হিসাব সমাপনীর পরবর্তী তারিখে তা যথারীতি রিভার্স করতে হবে। সুদ নির্ভুলভাবে কষা হয়েছে পরীক্ষার নিদর্শন হিসাবে ব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা প্রতিটি অন্তর্ভুক্তির নির্দিষ্ট স্থানে অনুস্বাক্ষর করবেন। তাছাড়া ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ৩০-০৬-২০১৪ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৬/২০১৪ এবং পরবর্তীতে ক্রেডিট বিভাগ-১ এর ২৩-১২-২০১৪ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১৪ এর মাধ্যমে ঋণ ও অগ্রিমের খাতওয়ারী এবং কৃষি ও পল্লী ঋণের যে সুদ হার পুনঃনির্ধারণ করা হয়েছে সে মোতাবেক সুদ কষার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

৩.১৩। মনোহারী ও সরবরাহ হিসাবঃ

৩১ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত শাখা কর্তৃক ব্যবহৃত মনোহারী ও সরবরাহকৃত দ্রব্যাদি যেমন হিসাবের বহি, রেজিস্টার ও অন্যান্য মুদ্রিত ফরম ইত্যাদির খরচ ১৩৩/২১-এ ডেবিট করতঃ বিপরীতক্রমে মনোহারী ও সরবরাহ হিসাব খাত ১৩২ ক্রেডিট করতে হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর সাথে এসিএফ-৮৫ এর মাধ্যমে ৩১ ডিসেম্বর, ২০১৫ এর মজুদ মনোহারী দ্রব্যাদির বিবরণীও দাখিল করতে হবে।

৩.১৪। জড় দ্রব্যাদিঃ

সম্পূরক খতিয়ানের স্থিতি অনুসারে সম্পদাদির অবচয় নির্দিষ্ট হারে হিসাব করে উহা ১৩৩/৩০ উপ-খাতে ডেবিট এবং প্রদেয় হিসাব/বিবিধ উপ-খাতে ক্রেডিট করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে তা রিভার্স করতে হবে। বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং বিকেবি, ট্রেনিং ইনস্টিটিউটের সম্পদাদির অবচয় সংশ্লিষ্ট শাখাসমূহের ব্যয় অনুরূপভাবে হিসাবভুক্ত করে একই নিয়মে রিভার্স করতে হবে (সূত্র : হিসাব ম্যানুয়েল অনুচ্ছেদ ১৪.১৫)।

৩.১৫। লাভ-ক্ষতির হিসাবঃ

৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে প্রস্তুতকৃত শাখার লাভ-ক্ষতি হিসাবের স্থিতি যথাক্রমে ক্রেডিট ও ডেবিট এ্যাডভাইসের মাধ্যমে প্রধান কার্যালয়ে পাঠানোর প্রয়োজন নাই। শুধুমাত্র ১৩-লাভক্ষতি খাতে ডেবিট বা ক্রেডিটের দিকে প্রদর্শিত হবে এবং পরবর্তী কার্যদিবসে তা রিভার্স করতে হবে। উল্লেখ্য, আয়-ব্যয় বিবরণীর প্রতিবেদন (ছক-গ) তে বর্ণিত তথ্যাদির সাথে ছক-ক এর ২২ থেকে ২৪ নং ক্রমিকে উল্লেখিত তথ্যের সাথে অবশ্যই মিল থাকতে হবে।

৩.১৬। ১৩১-আদায়যোগ্য হিসাবঃ

(ক) এই খাতের অনিস্পন্ন এন্ট্রিসমূহ যথাসম্ভব সমন্বয় সাধন করতে হবে এবং যথাযথ যৌক্তিকতা ব্যতীত দুই মাসের অধিক অসমন্বিত এন্ট্রি পরবর্তী বৎসরে জের টানা যাবে না।

(খ) ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে এই হিসাবে অসমন্বিত অন্তর্ভুক্তি সমূহ এসিএফ/৮০ ফরমে বিস্তারিতভাবে দেখাতে হবে। এই হিসাবের প্রতিটি উপ-হিসাবকে পৃথক শিরোনামে দেখাতে হবে এবং উহার নীচে অসমন্বিত অন্তর্ভুক্তি সমূহের বিস্তারিত বর্ণনা দিতে হবে। সর্বশেষ পৃষ্ঠায় প্রত্যেক উপ-হিসাবের অসমন্বিত স্থিতির একত্রীভূত সমন্বয় বিবরণী তৈরী করতে হবে। এই সকল উপ-হিসাব খাতের যোগফল ৩১ শে ডিসেম্বরের বৈষয়িক বিবরণীর ১৩১-প্রাপ্য হিসাবের স্থিতির সাথে মিল থাকতে হবে।

৩.১৭। ৪১-প্রদেয় হিসাবঃ

প্রদেয় হিসাব খাতের অনিস্পন্ন এন্ট্রিসমূহ নিস্পন্নের জন্য ব্যবস্থাপক সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করবেন যাতে ৩১ ডিসেম্বর/২০১৫ তারিখে শাখায় স্বল্পতম অনিস্পন্ন এন্ট্রি থাকে। যুক্তিসংগত কারণ ছাড়া পুরাতন কোন এন্ট্রির জের নতুন বছরে টেনে নেয়া যাবে না।

৩.১৮। খরচের প্রতিশন :

ভবিষ্যতের খরচের (প্রতিশন) নিমিত্তে লেনদেনগুলি ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সংশ্লিষ্ট খরচ খাতে ডেবিট ও প্রদেয় হিসাবে ক্রেডিট করে ১ জানুয়ারী, ২০১৬ তারিখে রিভার্স করতে হবে।

৩.১৯। এমপ্লয়ীজ সুপারেনুয়েশন ও বদান্য তহবিল চাঁদা :

- ◇ শাখায় রক্ষিত এমপ্লয়ীজ সুপারেনুয়েশন তহবিলে ০১-০৭-২০১৫ হতে ৩১-১২-২০১৫ পর্যন্ত ব্যাংক প্রদত্ত ৫০% চাঁদার টাকা (বকেয়াসহ) ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে ৪১/১৮ প্রদেয় পেনশন ফান্ড খাতকে ডেবিট করে ১১৫ আঞ্চলিক সাধারণ হিসাবের মাধ্যমে অঞ্চলের সদর শাখার উপর ক্রেডিট এডভাইস ইস্যু করে প্রতিবেদন সহ মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় অঞ্চলাধীন সকল শাখার ক্রেডিট এডভাইস সংগ্রহ পর্ষক আঞ্চলিক সদর শাখায় প্রেরণ করবে। সদর শাখা (সদর শাখা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা, বিভাগীয় নিরীক্ষা ও বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ব্যাংক প্রদত্ত চাঁদাসহ) অঞ্চলাধীন সকল শাখা থেকে প্রাপ্ত ক্রেডিট এডভাইস সম্বন্ধ সাড়া প্রদান পর্ষক ১১১৪ বিকেবি সাধারণ হিসাবের মাধ্যমে স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা এর উপর একটি মাত্র ক্রেডিট এডভাইস ইস্যু করে প্রতিবেদন সহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে উপ-মহাব্যবস্থাপক কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকার বরাবরে ১০ জানুয়ারী, ২০১৬ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করবে। কর্পোরেট শাখা ব্যতীত কোন শাখা সরাসরি প্রধান কার্যালয়ের উপর বা এককভাবে স্থানীয় মুখ্য কার্যালয়ের উপর কোন এডভাইস ইস্যু করতে পারবে না। কর্পোরেট শাখা সমূহ এলপিও'র উপর ক্রেডিট এডভাইস সহ প্রতিবেদন সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এ ১০ জানুয়ারী, ২০১৬ এর মধ্যে প্রেরণ করবে। লোকাল প্রিন্সিপাল অফিস ঢাকার কর্মকর্তা/কর্মচারীদের ব্যাংক প্রদত্ত চাঁদা কর্তনপূর্বক সরাসরি “১৩৩/১৫ গ্রাচুইটি ও পেনশন ফান্ড” খাতকে ডেবিট করে এলপিওতে পরিচালিত এসএনডি হিসাব নং-৬৫ কে ক্রেডিট করে কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ কে অবহিত করে প্রতিবেদন প্রেরণ করবে।
- ◇ শাখায় রক্ষিত ০১-০৭-২০১৫ হতে ৩১-১২-২০১৫ পর্যন্ত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত বদান্য তহবিলের চাঁদা(বকেয়াসহ) ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে ৪১/২১ প্রদেয় বদান্য তহবিল খাতকে ডেবিট করে উপরোক্ত সুপারেনুয়েশন তহবিলের ন্যায় প্রথমে অঞ্চলে ও পরে অঞ্চল প্রধান শাখা অঞ্চলের সকল বদান্য তহবিলের চাঁদার একটিমাত্র ক্রেডিট এডভাইস মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে ১০ জানুয়ারী, ২০১৬ এর মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। একইভাবে কর্পোরেট শাখাসমূহ ১০ জানুয়ারী, ২০১৬ এর মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। লোকাল প্রিন্সিপাল অফিস কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত বদান্য তহবিলের চাঁদা এলপিও তে রক্ষিত এসটিডি হিসাব নং-৬০ জমা করে কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ কে অবহিত করে প্রতিবেদন প্রেরণ করবে।
- সম্বন্ধ নং- হিসাব পরিপত্র নং-০৯/২০০৭ তারিখঃ ৩১-১০-২০০৭

৩.২০। বিকেবি, এমপ্লয়ীজ ওয়েল ফেয়ার ফান্ড কর্তৃক বিতরণকৃত ঋণের আদায় বিবরণী ও ক্রেডিট এডভাইস প্রেরণঃ

শাখাসমূহ নভেম্বর, ২০১৫ মাসের ঋণ আদায় বিবরণী (বকেয়া মাসসহ, যদি থাকে) ১৫-১২-২০১৫ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় প্রেরণ করবেন। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখাসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন ও এডভাইসসমূহ একত্রীভূত করে সংকলিত প্রতিবেদন এবং এডভাইস ২০-১২-২০১৫ তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এ প্রেরণ নিশ্চিত করবেন।

৩.২১। অবসর প্রাপ্তদের প্রদত্ত মাসিক পেনশনঃ

শাখা ব্যবস্থাপকগণ (মাসিক ভিত্তিতে) শাখা কর্তৃক প্রদানকৃত (১৩১/২২ খাত) পেনশনের (এলপিও'র উপর ইস্যুকৃত) ডেবিট এডভাইস ও প্রতিবেদন মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রতি বছর ১৫ জানুয়ারী ও ১৫ জুলাই তারিখের মধ্যে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ আওতাধীন শাখাসমূহ থেকে প্রাপ্ত ডেবিট এডভাইস শাখাভিত্তিক তালিকা করে ৬ মাস অন্তর অর্থাৎ প্রতি বছর ২০ জানুয়ারী ও ২০ জুলাই তারিখের মধ্যে উপ-মহাব্যবস্থাপক কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকায় সরাসরি প্রেরণ করবে। কোন শাখা সরাসরি প্রধান কার্যালয়ের উপর এডভাইস ইস্যু করতে পারবে না। এখানে উল্লেখ্য যে, পেনশন প্রতিবেদন ও এডভাইসে বদান্য অনুদানের টাকা বা অন্য কোন টাকা যুক্ত করা যাবে না।

সম্বন্ধ নং- প্রকা/হিসাব-২ঃ১৮(পেনশন)/২০১৪-১৫/৩৪২১, তারিখঃ ২৩-০৪-২০১৫

৩.২২। অত্র ব্যাংকের বিভিন্ন প্রকার ঋণ প্রক্রিয়াকরণ ও ঋণের তল্লাশী সম্পাদন ফি প্রসঙ্গে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক জারিকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৮/২০১৪ তারিখঃ ১৭-০৯-২০১৪(যা বিকেবি'র ওয়েব সাইটে দেয়া আছে) এর নির্দেশনা পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

০৪। ৩১-১২-২০১৫ তারিখ ভিত্তিক অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর পর শাখাসমূহ সাপ্তাহিক প্রতিবেদনসহ নিম্নবর্ণিত তালিকা অনুযায়ী প্রতিবেদন ও বিবরণী সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের নিকট প্রেরণ করবে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক পরবর্তীতে নির্ধারিত সময়ে উহা প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১এ প্রেরণ নিশ্চিত করবেন। বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখা সমূহ উল্লেখিত বিবরণী সরাসরি প্রধান কার্যালয় এর কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করবে।

অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী প্রতিবেদন ও বিবরণী প্রেরণের তালিকা (৩১-১২-২০১৫ তারিখভিত্তিক):

১	২	৩	৪	৫	মন্তব্য
১।	৩১-১২-২০১৫ তারিখে অবস্থার প্রতিবেদন (সংযুক্তি-ক' অনুযায়ী)	০১-০১-২০১৬	০১-০১-২০১৬	জনাব হেলাল উদ্দিন আহমেদ মুখ্য কর্মকর্তা কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	মুঃ আঃ/আঃ কার্যালয় শাখার বিবরণী একত্রীভূত করে (শাখার কপিসহ) বিবরণী প্রেরণ করবেন।
২।	আয়-ব্যয়/লাভ-ক্ষতির প্রতিবেদন (সংযুক্তি-গ, ঙ) ও দায়-সম্পদের বিবরণী (সংযুক্তি-ঘ) অনুযায়ী মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক সকল শাখার বিবরণী একত্রীভূত করে ১টি বিবরণী প্রেরণ করবেন।	ঐ	ঐ	ঐ	ঐ
৩।	৩১-১২-২০১৫ তারিখের সমাপ্ত সাপ্তাহিক বিবরণী (সংযুক্তি-খ' অনুযায়ী)	ঐ	ঐ	জনাব বিশ্বনাথ সরকার কর্মকর্তা কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	ঐ
৪	মোড়ক-১ঃ বৈষয়িক বিবরণী(সমাপনীপূর্ব)এসিএফ-৩৭(সংশোধিত) (শাখার ক্রমানুসারে) মোড়ক-২ঃ প্রদেয় হিসাবের প্রতিবেদন (এসিএফ-৮০ এ) মোড়ক-৩ঃ আদায়যোগ্য হিসাবের প্রতিবেদন (এসিএফ-৮০ এ) মোড়ক-৪ঃ ব্যাংক হিসাবের বিবরণী, স্থিতির সার্টিফিকেট এবং সমন্বয় প্রতিবেদন (এসিএফ-৯৪) মোড়ক-৫ঃ অন্যান্য প্রতিবেদন(শাখার ক্রমানুসারে) ও প্রদেয় ডিডি(৪৮) ও ডিডি পেইড সাসপেন্স একাউন্ট (১৩১৬) হিসাবের অনিস্পন্ন এন্ট্রির বিবরণী এবং আদায়কৃত আয়ের বিবরণী (ঋণ এবং অন্যান্য খাতের সুদের/আয়ের বিবরণী পৃথকভাবে উল্লেখ করতে হবে)	০৬-০১-২০১৬	০৭-০১-২০১৬	জনাব মোঃ জাকির হোসেন উর্ধ্বতন কর্মকর্তা কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	শাখা-২(দুই)কপি মুঃ আঃ/আঃ কার্যালয়ে এবং মুঃ আঃ/আঃ কার্যালয় ১(এক) কপি প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ ১(এক) কপি সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।
৫	বিভাগীয় কার্যালয়, মুখ্য আঃ/আঃ কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা/আঃ নিঃ কার্যালয় ও ট্রেনিং ইন্সটিটিউট এর খরচের উপ-খাতওয়ারী তালিকা(সংযুক্তি-ছ) ডেবিট এ্যাডভাইসহ প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ-৩.১১ মোতাবেক)।	০৬-০১-২০১৬	০৭-০১-২০১৬	জনাব মোঃ জাকির হোসেন উর্ধ্বতন কর্মকর্তা কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	-

বিঃদ্রঃ প্রতিবেদন ও বিবরণী সমূহ (চেকলিষ্ট এসিএফ-৭৮ অনুযায়ী) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে শাখা হতে প্রাপ্ত অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী প্রতিবেদন/বিবরণী সমূহ আলাদাভাবে ২টি মোড়কে বাঁধাই করে প্রেরণ করবে।

০৫। প্রতিবেদন ও বিবরণী সমূহ তৈরীর সময় নিম্নোক্ত বিষয়গুলির প্রতি শাখা ব্যবস্থাপকগন বিশেষভাবে নজর দিবেনঃ

- সকল প্রতিবেদন ও বিবরণীতে শাখা/অঞ্চলের নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে। বৈষয়িক বিবরণীর নির্দিষ্ট জায়গায় শাখার নাম ও কোড নম্বর স্পষ্ট করে (আন্তঃ শাখা লেনদেন সমন্বয় প্রতিবেদনে যে কোড নম্বর ব্যবহৃত হয়) উল্লেখ করতে হবে এবং প্রতিটি প্রতিবেদন ও বিবরণী সঠিক বলে প্রত্যয়ন পূর্বক শাখা ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তা নামের সীল সহ পূর্ণ স্বাক্ষর করবেন।
- প্রতিবেদন ও বিবরণীতে উল্লেখিত অংকের সাথে বৈষয়িক বিবরণীতে প্রদত্ত অংকের অবশ্যই মিল থাকতে হবে।
- বৈষয়িক বিবরণীতে (এসিএফ-৩৭ সংশোধিত) উল্লেখিত বিভিন্ন হিসাব খাতের স্থিতি সাধারণ খতিয়ান/সহায়ক খতিয়ানের সংশ্লিষ্ট হিসাব খাত/উপ-খাতের স্থিতির অংকের সাথে অবশ্যই মিল থাকতে হবে।
- বৈষয়িক বিবরণীতে সাধারণ খতিয়ানের খাত/উপখাতের নম্বরসহ খাতের নাম স্পষ্টভাবে উল্লেখপূর্বক সুন্দর হস্তাক্ষরে ডেবিট/ক্রেডিট সামেশন সহকারে স্থিতির অংক দেখাতে হবে।
